# প্রেস বিজ্ঞপ্তি
# জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
# বিভিন্ন অপরাধে ৪৭টি প্রতিষ্ঠানকে ৫.১৯ লক্ষ টাকা জরিমানা

**২২ জুন ২০১৬**

**বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের** প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১৫ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম, রাজশাহী, সিলেট, খুলনা, বগুড়া, পটুয়াখালী, চাঁদপুর, কক্সবাজার, নওগাঁ ও পাবনায় আজ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমানের নেতৃত্বে ঢাকা মহানগরীর এয়ারপোর্ট এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ওয়ান্ডার ইন রেস্তোরা ও নিউ পারভীন হোটেল এন্ড রেস্টুরেন্টকে যথাক্রমে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা ও **২০,০০০/- (বিশ হাজার)** ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে মোঃ আলী নূরের ফলের দোকানকে **৫০০/- (পাঁচশত)** টাকাসহ মোট **৩৫,৫০০/- (পয়ত্রিশ হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আবদুল্লাহ আল মাসুমের নেতৃত্বে ঢাকা মহানগরীর যাত্রাবাড়ী এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে নিউ আল ইসলাম হোটেল এন্ড রেস্টুরেন্ট, ভাই ভাই হোটেল এন্ড রেস্টুরেন্ট, ক্যাফে হাজী হোটেল এন্ড রেস্টুরেন্ট ও আল আরজু হোটেল এন্ড রেস্টুরেন্টকে যথাক্রমে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা, **৪,০০০/- (চার হাজার)** টাকা, **১০,০০০ (দশ হাজার)** টাকা ও **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **৫৪,০০০/- (চুয়ান্ন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর বনানী এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ক্যাফে বৈশাখী রেস্তোরাকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের সাথে ঢাকা মহানগরীর বংশার এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে রাজশাহী মিষ্টি মহলকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে দেলোয়ার হোটেল, ঘরোয়া হোটেল এন্ড রেস্টুরেন্ট ও Enjoy রেস্টুরেন্টকে যথাক্রমে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, **৩০,০০০/- (ত্রিশ হাজার)** ও **৭,০০০/- (সাত হাজার)** টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে ভাই ভাই কনফেকশনারীকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **৭২,০০০/- (বাহাত্তর হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়াও ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিন কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের সাথে ঢাকা মহানগরীর শেরেবাংলা নগর এলাকায় পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে সাহবুদ্দিন মাংস বিতান, রাইচ ভিলেজ ও রাজ্জাকের কাঁচা বাজারের দোকানকে যথাক্রমে **১,০০০/- (এক হাজার)** টাকা, **২,০০০/- (দুই হাজার)** টাকা ও **৫০০/- (পাঁচশত)** টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে মুসলিম সুইটসকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে মুসলিম সুইটস এন্ড বেকারীকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **১৩,৫০০/- (তের হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রামের সদরঘাট থানা, কাঠালিয়া থানা ও মহানগরে **৬টি** প্রতিষ্ঠানকে **৯০,০০০/- (নব্বই হাজার)** টাকা, রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর বোয়ালিয়া থানায় **১টি** প্রতিষ্ঠানকে **৮০,০০০/- (আশি হাজার)** টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে খুলনার ফুলতলা উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরীফুল ইসলামে নেতৃত্বে বগুড়ার গাবতলী উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা, বরগুনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে বরগুনার বেতাগী উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায়ের নেতৃত্বে চাঁদপুরের ফরিদগঞ্জ উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে নওগাঁ সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৭,০০০/- (সতের হাজার)** টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে পাবনা সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৩,০০০/- (তিন হাজার)** টাকা, কক্সবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফয়েজ উল্লার নেতৃত্বে কক্সবাজার সদর উপজেলায় **৮টি** প্রতিষ্ঠানকে **১৭,৭০০/- (সতের হাজার সাতশত)** টাকা, ও সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহা কর্তৃক অভিযোগের ভিত্তিতে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে রয়েল সেলফ ও রজনীগন্ধা রেস্টুরেন্টকে যথাক্রমে **১,০০০/- (এক হাজার)** টাকা ও **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **৩,৩৪,৭০০/- (তিন লক্ষ চৌত্রিশ হাজার সাতশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে **২,৭৫০/- (দুই হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারিত করা, অবহেলা ইত্যাদি দ্বারা সেবাগ্রহীতার অর্থ বা স্বাস্থ্যহানী ঘটানো ও ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের **১৫টি** বাজার তদারকিতে **৪৭টি** প্রতিষ্ঠানকে মোট **৫,১৯,৭০০/- (পাঁচ লক্ষ উনিশ হাজার সাতশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ২ জন অভিযোগকারীকে মং **২,৭৫০/- (দুই হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। বিলম্বে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ২০ জুন ২০১৬ তারিখে নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে নওগাঁর শিবগঞ্জ উপজেলায় **৭টি** প্রতিষ্ঠানকে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা জরিমানার আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানেটারী ইন্সপেক্টর, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, মৎস্য কর্মকর্তা, র‌্যাব, বাজার কর্মকর্তা, ক্যাব ও ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**
১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল, খুলনা ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, সিলেট, খুলনা, বগুড়া, পটুয়াখালী, চাঁদপুর, কক্সবাজার, নওগাঁ ও পাবনা।
৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, সিলেট, খুলনা, বগুড়া, পটুয়াখালী, চাঁদপুর, কক্সবাজার, নওগাঁ ও পাবনা।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।